

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা-১২১৫  
www.dac.gov.bd

বিষয়ঃ কৃষি ক্ষেত্রে অগ্রগতি ও সম্ভাবনা বিষয়ে মত বিনিময় সভার কার্যবিবরণী

সভাপতিঃ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫

সভার তারিখ ও সময়ঃ ২১/১২/২০১৬খ্রিঃ; বিকাল ২.৩০

স্থানঃ সম্মেলন কক্ষ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫

উপস্থিতি- পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার কাজ শুরু করার জন্য পরিচালক, প্রশাসন ও অর্থ কে অনুরোধ জানালে পরিচালক আলোচ্য সূচি মোতাবেক আলোচনা শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয় ১ঃ কৃষি ক্ষেত্রে অগ্রগতি ও সম্ভাবনার প্রতিবেদন তৈরী

আলোচনাঃ

কৃষি ক্ষেত্রে অর্জিত সাফল্যকে অব্যাহত রেখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কার্যক্রমকে আরও গতিশীল করার উদ্দেশ্যে অত্র দপ্তরের অগ্রগতি ও সম্ভাবনার ক্ষেত্রসমূহ চিহ্নিত করে সঠিক পরিকল্পনা তৈরির জন্য একটি প্রতিবেদন তৈরি করা প্রয়োজন। এজন্য মাঠ পর্যায় ও বিভিন্ন উইংয়ের সাথে আলোচনা ও পরামর্শ করা যেতে পারে। আলোচনার পর তার ভিত্তিতে জরুরিভাবে একটি প্রতিবেদন প্রণয়ন করা দরকার।

সিদ্ধান্তঃ

- প্রতিবেদন তৈরির জন্য ২টি ছকপত্রে তথ্য সংগ্রহ করতে হবে। ছকপত্র হবে- ১। উইং ভিত্তিক ও ২। অঞ্চল ভিত্তি। ছকপত্র প্রণয়ন ও তা প্রেরণ করতে হবে। আগামি ২২ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে একাজ সম্পন্ন করবে।
- অঞ্চলভিত্তিক সভা আহ্বান করে প্রতিটি অঞ্চলের কৃষি ক্ষেত্রে অগ্রগতি ও সম্ভাবনার অঞ্চলভিত্তিক প্রতিবেদন তৈরি করতঃ তা উপস্থাপন ও আলোচনা করতে হবে। এ উদ্দেশ্যে মোট ১৪টি কৃষি অঞ্চলে নিম্নলিখিত সূচি অনুযায়ী সভা আহ্বান ও আয়োজন করতে হবেঃ

ক্রমিক নং	অঞ্চল	তারিখ
০১	ময়মনসিংহ অঞ্চল	২৩/১২/২০১৬খ্রিঃ
০২	যশোর ও খুলনা অঞ্চল	২৭/১২/২০১৬খ্রিঃ
০৩	ফরিদপুর ও বরিশাল অঞ্চল	২৮/১২/২০১৬খ্রিঃ
০৪	চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চল	৩১/১২/২০১৬খ্রিঃ
০৫	রাজশাহী ও বগুড়া অঞ্চল	০২/০১/২০১৭খ্রিঃ
০৬	রংপুর ও দিনাজপুর অঞ্চল	০৩/০১/২০১৭খ্রিঃ
০৭	কুমিল্লা ও ঢাকা অঞ্চল	০৬/০১/২০১৭খ্রিঃ
০৮	সিলেট অঞ্চল	০৮/১২/২০১৬খ্রিঃ

অঞ্চল পর্যায়ের সভায় অংশগ্রহণকারী জনবলঃ

- ১। অতিরিক্ত পরিচালক
- ২। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট
- ৩। উপ পরিচালক (সকল)
- ৪। জেলা প্রশিক্ষণ অফিসার (সকল)
- ৫। অতিরিক্ত উপ পরিচালক (প্রতি জেলা থেকে ০১ জন)
- ৬। উপজেলা কৃষি অফিসার (প্রতি জেলা থেকে ০৩ জন)
- ৭। কৃষি সম্প্রসারণ অফিসার (প্রতি জেলা থেকে ০২ জন)
- ৮। বিএডিসি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বীজ প্রত্যয়ন এজেন্সী সহ গবেষণা প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিবৃন্দ।

- বিভিন্ন উইং ও অঞ্চল থেকে প্রাপ্ত প্রতিবেদনসমূহ একত্র করে একটি প্রতিবেদন প্রকাশ করতে হবে। প্রতিবেদন প্রস্তুতের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ
  - ১। পরিচালক প্রশাসন ও অর্থ (সভাপতি)
  - ২। প্রকল্প পরিচালক, আইএফএমসি (সদস্য)
  - ৩। উপ প্রকল্প পরিচালক, আইএফএমসি (সদস্য)
  - ৪। মাসুমা ইউনুস, উৎপাদন অর্থনীতিবিদ (সদস্য)
  - ৫। ড. মোঃ নুরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), (সদস্য সচিব)
- প্রতিপ্রতিবেদন প্রকাশের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো
  - ১। উপ প্রকল্প পরিচালক, আইএফএমসি (সভাপতি)
  - ২। অতিরিক্ত পরিচালক, এনএটিপি-II(সদস্য)
  - ৩। রেহানা সুলতানা, কৃষি অর্থনীতিবিদ (সদস্য)
  - ৪। কাইয়ুম মিয়া, সহকারী প্রোগ্রামার (সদস্য)
  - ৫। মোহাঃ আজম উদ্দিন, প্রোগ্রামার (সদস্য সচিব)

#### আলোচ্য বিষয় ২ঃ দেশব্যাপী উন্নয়ন মেলা আয়োজন


##### আলোচনাঃ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন উপলক্ষে সারাদেশে জেলা ও উপজেলাতে ০৯/০১/২০১৭খ্রিঃ থেকে ১১/০১/২০১৭খ্রিঃ পর্যন্ত ০৩ দিন ব্যাপী উন্নয়ন মেলার আয়োজন করা দরকার।

##### সিদ্ধান্তঃ

- প্রতিটি জেলা ও উপজেলায় উক্ত সময়ের মধ্যে একযোগে উন্নয়ন মেলা আয়োজন করতে হবে। জেলার সাথে সদর উপজেলা একত্রে মেলা উদযাপন করবে। জেলার উপপরিচালক, ডিএই কৃষি মন্ত্রণালয়ায়ী অন্যান্য সংস্থার জেলা প্রধানদের সাথে আলোচনা ও জেলা প্রশাসকের সাথে পরামর্শক্রমে এই মেলা বাস্তবায়ন করবেন।
- জেলার অন্যান্য উপজেলাসমূহের উপজেলা কৃষি অফিসারবন্দউপজেলা পরিষদের সাথে পরামর্শক্রমে মেলা আয়োজন করবে।
- কৃষির অগ্রগতির চিত্র পোস্টার, লিফলেট, চার্টের মাধ্যমে নিম্নোক্ত সাল অনুযায়ী প্রদর্শনের ব্যবস্থা করতে হবেঃ
  - ১৯৭১ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত
  - ১৯৭৫ থেকে ১৯৯০সাল পর্যন্ত
  - ১৯৯০ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত
  - ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত
  - ২০০১ থেকে ২০০৯সাল পর্যন্ত
  - ২০০৯ থেকে ২০১৬ সাল পর্যন্ত
- জেলা পর্যায়ে মেলাতে কৃষি মন্ত্রণালয়ের সকল সংস্থার অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ হামিদুর রহমান)  
 মহাপরিচালক  
 কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
 খামারবাড়ি, ঢাকা।